



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

30 JULY 2024

7:35 AM IST

লক্ষণ প্রসাদ আচার্য আজ আসামের রাজ্যপাল হিসেবে শপথ গ্রহণ করবেন । শ্রীমন্ত শ্যকরদেব কলাক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে গুয়াহাটী হাইকোর্টের মুখ্য বিচারপতি বিজয় বিষই নবনিযুক্ত রাজ্যপালকে শপথ বাক্য পাঠ করাবেন । শ্রী আচার্যকে আসাম সহ মণিপুরের রাজ্যপাল হিসেবে অতিরিক্ত দায়িত্ব অর্পন করা হয়েছে । শ্রী আচার্য এর পূর্বে সিকিমের রাজ্যপাল হিসেবে কার্যনির্বাহ করেছিলেন । উল্লেখ্য রাজ্যের বর্তমান রাজ্যপাল গুলাব চান্দ কাটারিয়াকে পাঞ্জাবের রাজ্যপাল হিসেবে নিযুক্তি প্রদান করা হয়েছে ।

রাজ্যে আগামী দোসরা অক্টোবর থেকে উপ-জেলার কাজকর্ম আনুষ্ঠানিকভাবে শুরু হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন । প্রথমে অস্থায়ী কার্যালয় থেকে উপ-জেলার কাজকর্ম শুরু হবে এবং একই সময়ে স্থায়ী কার্যালয়ের নির্মাণ কার্যও চলবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন । এদিকে উপ-জেলা কার্যালয়ের জন্যে লোকনির্মাণ বিভাগের প্রস্তুত করা নক্সা সংশ্লিষ্ট জেলা আয়ুক্তদের আজ দেখানো হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা জানিয়েছেন ।

উল্লেখ্য গতকাল থেকে গুয়াহাটীর লোকসেবা ভবনে দুদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে জেলা আয়ুক্ত সম্মেলন শুরু হয়েছে ।

জেলা আয়ুক্ত সন্মেলনে মুখ্যমন্ত্রী বেসকয়েকটি জেলার কাজকৰ্মে অসন্তোষ প্ৰকাশ কৰে সংশ্লিষ্ট আয়ুক্তদেৰ জেলাভিত্তিক বৈষম্য দূৰ কৰাৰ নিৰ্দেশ দিয়েছে। আয়ুক্তদেৰকে সপ্তাহে একদিন ক্ষেত্ৰ পৰ্যবেক্ষণ এৰং নিজেদেৰ জেলাৰ বিশিষ্ট ব্যক্তিদেৰ ঘৰে যাওয়াৰ জন্যেও মুখ্যমন্ত্রী আহ্বান জানিয়েছে। একই সময়ে সৰকাৰী আধিকাৰিকদেৰ জনসাধাৰণেৰ কাছে গিয়ে তােৰ সমস্যাৰ বিষয়ে অবগত হতে মুখ্যমন্ত্রী নিৰ্দেশ দিয়েছে।

আগামী ৩১শে ডিসেম্বৰেৰ আগে গ্ৰাম পঞ্চায়েত নিৰ্বাচন অনুষ্ঠিত কৰে নব নিযুক্ত পঞ্চায়েত প্ৰতিনিধিৰা যাতে দায়িত্ব নিতে পাৰেন, সে অনুযায়ী প্ৰয়োজনীয় ব্যবস্থা গ্ৰহন কৰতে জেলা আয়ুক্তদেৰ মুখ্যমন্ত্রী নিৰ্দেশ দিয়েছে। জেলা আয়ুক্ত সন্মেলনে মুখ্যমন্ত্রী ডঃ শৰ্মা সৰকাৰী কাৰ্যসূচীতে কেবল নিৰামিষ খাদ্য ব্যবহাৰেৰ নিৰ্দেশ দিয়েছে। এছাড়া রাজ্যে ভি ভি আই পি সংস্কৃতি সৰিয়ে দেবাৰ পক্ষে মত প্ৰকাশ কৰে মুখ্যমন্ত্রী মন্ত্ৰীদেৰ কনভয়ে দশটিৰ বেশি গাড়ি থাকতে পাৰবে না বলেও জানিয়েছে।

এই সন্মেলনে সাম্প্ৰতিক বন্যায় ক্ষতিগ্ৰস্তদেৰ আগামী বাৰোই আগষ্ট সাহায্য প্ৰদান কৰা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছে। ক্ষতিগ্ৰস্তদেৰ গৃহনিৰ্মাণেৰ জন্য একলক্ষ কুড়ি হাজাৰ টাকা কৰে দেওয়া হবে বলে জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন যে- সাহায্য প্ৰদানেৰ সাতদিন আগে তােৰ মঞ্জুৰী পত্ৰ বিতৰণ কৰা হবে।

আসাম লোকসেবা আয়োগেৰ কৃষি উন্নয়ন আধিকাৰিক নিযুক্তি কেলেঙ্কাৰিৰ মামলায় গুয়াহাটীৰ বিশেষ আদালত লোকসেবা আয়োগেৰ প্ৰাক্তন অধ্যক্ষ ৰাকেশ কুমাৰ পাল সহ ৩১ জনেৰ বিৰুদ্ধে শাস্তিৰ ৰায় ঘোষণা কৰেছে। সে অনুসাৰে আদালত ৰাকেশ কুমাৰ পালকে দুনীতি প্ৰতিৰোধ আইন এৰং ভাৰতীয় দণ্ডবিধি আইনেৰ চাৰটি গুৰুত্বপূৰ্ণ ধাৰায় দৌষী সাব্যস্ত কৰে ১৪ বছৰেৰ সশ্রম কাৰাদণ্ড এৰং দুলক্ষ

টাকা জরিমানা ঘোষণা করেছে। অনুরূপভাবে আয়োগের প্রাক্তন সদস্য সামেদুর রহমান এবং বসন্ত কুমার দৌলেকে দশ বছরের সশ্রম কারাদণ্ড এবং দুলক্ষ টাকা জরিমানা ধার্য করেছে। এদিকে বাঁকাপথে চাকরি নেওয়ার অভিযোগে দোষী সাব্যস্ত হওয়া ২৯ জন কৃষি উন্নয়ন আধিকারিককে চার বছরের কারাদণ্ড এবং দশ হাজার টাকা করে জরিমানা ধার্য করা হয়েছে।

দেশে চাকুরীর অভাব নেই এবং বর্তমান সরকারের নীতিগত হস্তক্ষেপের ফলে বেকার সমস্যা ৩ দশমিক ২ শতাংশ হ্রাস পেয়েছে। গতকাল লোকসভায় এক লিখিত প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় শ্রম ও নিয়োগ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া জানান যে আগামী বছর থেকে দেশে বেকারত্বের হার ৩ শতাংশেরও কম হবে। এবারের কেন্দ্রীয় বাজেটের প্রশংসা করে শ্রী মান্ডভিয়া বলেন যে আগামী ৫ বছরের মধ্যে ৪ কোটিরও বেশী যুবক যুবতিকে কর্ম সংস্থান ও দক্ষতা বিকাশের সুযোগ প্রদান করা হবে এর এই লক্ষ্যে উপনীত হতে ২ লক্ষ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। উল্লেখ্য গত দুবছরে দেশে শ্রমশক্তিতে অংশগ্রহণের হার ৪৪ শতাংশ এবং শ্রমিক সংখার হার ৪০ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

সামাজিক ন্যায় ও সবলীকরণ বিভাগ দিব্যাঙ্গদের সক্ষমতা বৃদ্ধির জন্য কাজ করে যাওয়া সংস্থা গুলিকে জাতীয় পুরস্কারের আবেদন প্রক্রিয়ায় অংশ গ্রহণ করতে আহ্বান জানিয়েছে। সামাজিক ন্যায় ও সবলীকরণ বিভাগ দিব্যাঙ্গদের সক্ষম করে তুলতে যেসব সংস্থা ক্রমাগত কাজ করছে, তাদের উৎসাহিত করে সামাজিক পরিচয় প্রদানের উদ্দেশ্যে এই পুরস্কার প্রদানের পদক্ষেপ গ্রহণ করেছে বলে জানিয়েছে। প্রতি বছর তেসরা ডিসেম্বর আন্তর্জাতিক বিকলাঙ্গ দিবস উপলক্ষে দিব্যাঙ্গদের উন্নয়নের জন্য কাজ করা ব্যক্তি, সংস্থা, সংগঠনকে পুরস্কার প্রদান

করা হয় । উল্লেখ্য ২০২৪ সালের জাতীয় দিবাঙ্গ পুরস্কারের জন্য অন-লাইন আবেদন প্রক্রিয়া আগামীকাল পর্যন্ত খোলা থাকবে ।

সম্মিলিত লোক মঞ্চার উদ্যোগে গতকাল শিলচর সঙ্গীত বিদ্যালয়ে ৩৩তম মাসিক লোককণ্ঠ অনুষ্ঠিত হয়েছে । অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সংস্থার সাধারণ সম্পাদক ভাস্কর দাস । পরে লোককণ্ঠের উদ্দেশ্যে ও প্রাসঙ্গিকতা নিয়ে সংস্থার সভাপতি ডক্টর অনুপ কুমার রায় এবং সহ-সভানেত্রী মঞ্জলা নাথ বক্তব্য রাখেন । এদিন আমন্ত্রিত অতিথি শিল্পী হিসেবে সঙ্গীত পরিবেশন করেন অর্পিতা দাস ও রিমি দাস ।

লায়ন্স ক্লাব অফ শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ বদরপুর গ্রেটারের সহযোগীতায় আজ কাতিরাইল মুদুরপার দ্বিতীয় খন্ড গ্রামের মুদুরপার কালীবাড়ীতে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।
